

= ৫৪ =

ঢাকা ওয়াসা

বিষয়ঃ- অস্থায়ী অগ্রিম প্রদান প্রসংগে।

১১৬। স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তরের স্মারক নং-৮২.২১.০০০০.০১৫.০১.০০১.২২.৩৯৩, তাং-০৭/০৬/২০২ ইং তারিখে পত্রে ঢাকা ওয়াসার ১৬টি বিভাগের বিভিন্ন অর্থ বছরের মোট ৩৭টি নন-এসএফআই ভুক্ত অনিস্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ১১/০৬/২০২৬, ১৫/০৬/২০২৬ এবং ২১/০৬/২০২৬ ইং তারিখে সকাল ১০.৩০ ঘটিকায় উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থ) এর সভাপতিত্বে ৩টি দ্বি-পক্ষীয় সভা অনুষ্ঠানের জন্য পত্র প্রেরণ করেছেন (কপি সংযুক্ত-১)।

১১৭। তিনটি সভায় উপস্থাপনের জন্য ঢাকা ওয়াসার মোট ১৬টি বিভাগের ৩৭টি নন-এসএফআই অডিট আপত্তির জবাব ফটোকপি ও বই বাধাই বাবদ ৯০০০/- টাকা, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর ও ঢাকা ওয়াসার উপস্থিত কর্মকর্তা বৃন্দের তিন দিনের সভার নাস্তা ও দুপুরের খাবার বাবদ ৪৩,৬০০/- টাকা এবং স্থানীয় সরকার পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর ও ঢাকা ওয়াসার সংশ্লিষ্ট কর্মকর্তা বৃন্দের সম্মানী বাবদ ১,১১,০০০/- টাকা সহ মোট (৯,০০০ + ৪৩,৬০০ + ১,১১,০০০) = ১,৬৩,৬০০/- (এক লক্ষ ত্রিশটি হাজার ছয়শত) টাকা প্রয়োজন। যা নিম্নরূপঃ (সংযুক্তি নং-২)।

ক্রঃ নং	বিবরণ	সদস্য সংখ্যা	মোট
১।	সম্মানী		১,১১,০০০/-
২।	আপ্যায়ন (নাস্তা ও দুপুরের খাবার)		৪৩,৬০০/-
৩।	ফটোকপি, বই বাধাই ও আনুষঙ্গিক বাবদ		৯,০০০/-
			১,৬৩,৬০০/-

১১৮। (ক) ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১০ এর ধারা ৩২ (১) এর “কর্তৃপক্ষ উহার কোন কর্মচারীকে সাময়িক প্রকৃতির কোন কর্ম-সম্পাদনের জন্য অথবা বিশেষ মেধার প্রয়োজন হয় এমন নব প্রবর্তনমূলক বা গবেষণা ও উন্নয়নমূলক কর্ম-সম্পাদনের জন্য সম্মানী অর্থ বা নগদ অর্থ বা পুরস্কার প্রদানের যৌক্তিকতা থাকিলে উক্ত সম্মানী বা পুরস্কার প্রদান করিতে পারিবে”।

(খ) ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১০ এর ধারা ৩২ (২) এর “উপ-প্রবিধান (১) এর অধীনে কোন সম্মানী বা নগদ অর্থ পুরস্কার মঞ্জুর করা হইবে না, যদি এতদুদ্দেশ্যে গঠিত কমিটি কর্তৃক তাহা সুপারিশকৃত না করা হয়” মর্মে উল্লেখ রহিয়াছে (সংযুক্তি নং-৩ দ্রঃ)। ঢাকা ওয়াসা’য় এই ধরনের কাজের সম্মানী প্রদানের কোন রেইট নির্দিষ্ট করা নেই। সাধারণত ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমেই এই ধরনের সম্মানী ভাতা প্রদান করা হয়ে থাকে। সম্মানী প্রদান সংক্রান্ত ঢাকা ওয়াসা’র ও অর্থ মন্ত্রণালয়ের পূর্বের কয়েকটি অফিস আদেশ/হার পুনঃ নির্ধারণের কপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো (সংযুক্তি নং-৪, ৫, ৬ ও ৭ দ্রঃ)।


১১৯। ঢাকা ওয়াসার ১৬টি বিভাগের অনিষ্পন্ন ৩৭টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১০ এর ধারা ৩২ (১) এর আলোকে দ্বি-পক্ষীয় সভার ব্যয়ভার নির্বাহের জন্য মোট ১,৬৩,৬০০/- (এক লক্ষ ত্রিশটি হাজার ছয়শত) টাকা অস্থায়ী অগ্রিম উপ-প্রধান নিরীক্ষা কর্মকর্তার অনুকূলে প্রদানের সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো। প্রস্তাবিত ব্যয়টি ২০২৫-২০২৬ অর্থ বছরের সংশোধিত বাজেটের মুদ্রণ ও মনোহারী খাত হতে নির্বাহ করা যেতে পারে। উল্লেখ্য যে, মুদ্রণ ও মনোহারী খাতে বর্তমানে ১,৬৪,৭৩০/- টাকা অব্যয়িত আছে (বাজেট রিপোর্ট সংযুক্ত-৮)।

১২০। এমতাবস্থায়, দ্বি-পক্ষীয় সভার সমুদয় ব্যয় মুদ্রণ ও মনোহারী খাত হতে নির্বাহ করা যেতে পারে। প্রদানকৃত সম্মানী হতে আয়কর বিধি অনুযায়ী উৎসে কর কর্তন করা হবে। পরবর্তীতে উক্ত অস্থায়ী অগ্রিম প্রকৃত খরচের ভিত্তিতে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।


১২১। সদয় পেশ করা হলো।


০৯/০৩/২৫


শোভন চক্রবর্তী
নিরীক্ষা কর্মকর্তা
অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ
ঢাকা ওয়াসা।


০৯/০৩/২৫


রত্ন দ্বীপ বর্মন
উপ-প্রধান নিরীক্ষা কর্মকর্তা
অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ
ঢাকা ওয়াসা।


০৯.০৬.২০২৫

মোঃ মিজানুল হক
উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থ)
ঢাকা ওয়াসা।


০৯.০৬.২০২৫

মোঃ মিজানুল হক
(অতিরিক্ত সচিব)
উপব্যবস্থাপনা পরিচালক (অর্থ)
ঢাকা ওয়াসা।


০৯-৬-২০২৫

মোঃ আমিনুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

DCAO